

গুজরাটে মুসলমান ছাত্ররা পরীক্ষা বর্জন করছে

ভারতের পশ্চিমাঞ্চলীয় গুজরাট প্রদেশে কমপক্ষে ৯০ শতাংশ সংখ্যালঘু মুসলমান ছাত্র দ্বিতীয় দফার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা বয়কট করেছে। গত বৃহস্পতিবার কড়া নিরাপত্তার মুখ্য দিয়ে গুজরাটের কিছু কিছু এলাকায় মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হয়েছে। পিটিআই।

গুজরাট রিসিফ কমিটির সদস্য বদরুদ্দিন শেখ দাবি করেন, গুজরাটের ১৪ হাজার সংখ্যালঘু মুসলিম ছাত্রের প্রায় ৯০ শতাংশ এই পরীক্ষাও বয়কট করেছে। পরীক্ষা বয়কট করা ছাত্ররা সাম্প্রতিক সাম্প্রদায়িক দাঙ্গার কারণে পরীক্ষা কেন্দ্রগুলো নিরাপদ স্থানে সরানোর দাবি জানায়। সরকার তাদের দাবি প্রত্যাখ্যান করায় ছাত্ররা পরীক্ষা বয়কট করেছে।

ভূবে আহমেদাবাদ ও বরোদাসহ রাজ্যের ৯টি বড়ো শহরে কঠোর নিরাপত্তার মুখ্য দিয়ে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হয়েছে। সরকারি সূত্র জানায়, এবারের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ২০৫টি পরীক্ষা কেন্দ্রে ১ লাখ ৯৫ হাজার পরীক্ষার্থী অংশ নিচ্ছে। সরকার প্রতিটি কেন্দ্রে ভিডিও ক্যামেরা স্থাপন করেছে এবং সংখ্যালঘু মুসলিম ছাত্রদের যাতায়াতের জন্য নিরাপত্তা সদস্যসহ বাসের ব্যবস্থা করেছে।

এদিকে আহমেদাবাদের ক্ষতিগ্রস্ত নাগরিকদের পক্ষে গত মঙ্গলবার রাতে অনুষ্ঠিত এক বৈঠকে এবারের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সংখ্যালঘুদের অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নেওয়া হয়। রাজ্যের মুখ্যমন্ত্রী নরেন্দ্র মোদি নিশ্চিত্তে পরীক্ষায় অংশ নিতে ছাত্রদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, পরীক্ষা উত্তুল করার চেষ্টা কেউ করলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।